

প্রেমেন্দ্র মিত্র

খেলার আসর। নাম পাঠিয়েছেন অনেক
 যুবক। সেখানে একটা নাম পাওয়া গেছে
 । আপনি আছেন নির্বাচন
 কমিটিতে। আপনি বলুন তো এই ছেলেটিকে
 কোন্ বিভাগে রাখি? সে তো সব বিভাগেই
 খেলতে চায়। আমার মনে হয় এই ছেলেটি
 প্রথম হবে। একে কোন্ বিভাগে রাখি
 বলুন তো?
 কবিতায় বিষ্ণু - সুধীন্দ্র - বুদ্ধদেব-
 অমিয় - জীবনানন্দ আছেন, উপন্যাসে
 তিন বন্দ্যোপাধ্যায়, শৈলজানন্দ, অচিন্ত্য
 এবং আরো খেলোয়াড়, শিশু সাহিত্যে
 সুকুমার, সত্যজিৎ, দক্ষিণারঞ্জন, সুনির্মল।
 প্রবন্ধে অম্বদা রায়, বুদ্ধদেব, সুধীন্দ্র।
 নাটকে নৃপেন, উৎপল। এছাড়া গান, চলচ্চিত্র
 নানান বিভাগ, বাণীর বন্দনা।
 আপনি আছেন নির্বাচন কমিটিতে।
 আপনি বলুন তো এই ছেলেটিকে কোন্
 বিভাগে রাখি?
 আপনি যদি অভয় দেন তবে একটা কথা
 বলি এই যুবক প্রেমেন্দ্র মিত্রকে
 যদি ডেকাথলন কিংবা হেপ্টাথলনে
 রাখি তবে মনে হয় সে হবে প্রথম,
 সে-ই চ্যাম্পিয়ান। একি ভুল অনুমান?

কমল তর ফদার

